

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন, (৬ষ্ঠ তলা) ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৬২.১৫.১৩

তারিখ: ১৩/০১/২০২২ খ্রিঃ

বিষয়ঃ জনাব মিলন (চাকরিচ্যুত মাঠসংগঠক, বামনা, বরগুনা) এর স্থগিতকৃত বেতনভাতা খাতে বিদ্যমান তহবিল হতে আত্মসাতকৃত অর্থ সমন্বয়।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভুক্ত বরগুনা জেলার বামনা উপজেলায় মাঠসংগঠক হিসেবে কর্মরত থাকাকালীন জনাব মিলন (বর্তমানে চাকরিচ্যুত) তাঁর ব্লকভুক্ত সমিতি হতে ৬৯,৮৩৭.০০ (উনসত্তর হাজার আটশত সাতত্রিশ) টাকা আত্মসাত করেন। সমিতি/সুফলভোগী সদস্য হতে আদায়কৃত অর্থ আত্মসাতের বিষয়টি প্রমাণিত হওয়ায় তাকে চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত করা হয়। বর্তমানে তাঁর নিকট আত্মসাতকৃত ৬৯,৮৩৭.০০ (উনসত্তর হাজার আটশত সাতত্রিশ) টাকা অনাদায়ী রয়েছে। জনাব মিলন এর স্থগিতকৃত বেতনভাতা খাতে বিদ্যমান ৮৪,৩৩৫.০০ (চুরাশি হাজার তিনশত পঁয়ত্রিশ) টাকা হতে আত্মসাতকৃত অনাদায়ী ৬৯,৮৩৭.০০ টাকা সমন্বয়পূর্বক যথাসম্ভব সমিতির ঋণ কার্যক্রম চালু রাখার জন্য কর্তৃকপক্ষের অনুমোদনক্রমে নির্দেশনা প্রদান করা হলো।

২। জনাব মিলন এর স্থগিতকৃত বেতনভাতা খাতে বিদ্যমান ৮৪,৩৩৫.০০ (চুরাশি হাজার তিনশত পঁয়ত্রিশ) টাকা হতে আত্মসাতকৃত অনাদায়ী ৬৯,৮৩৭.০০ টাকা সমন্বয়পূর্বক পর অবশিষ্ট ১৪,৪৯৮.০০ (চৌদ্দ হাজার চারশত আটানব্বই) টাকা IRESPW,BRDB,DHAKA শিরোনামে বিদ্যমান ব্যাংক হিসাবে ক্রস চেক/ডিডি'র মাধ্যমে কর্মসূচির সদর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি, বামনা, বরগুনা।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, বরগুনা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/হিসাব সহকারী (ইরেসপো), বিআরডিবি, বামনা, বরগুনা।
৫. পরিচালক (প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. ব্যক্তিগত নথি/অফিস নথি।